গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
বীজ প্রত্যয়ন এজেন্সী
গাজীপুর-১৭০১ ।
www.sca.gov.bd

স্মারক নং ১২.৮০১.০১১.০০.০০.০৯৭.২০১১(অংশ-১)-৬৫৭ তারিখ ঃ ৩০/০৩/২০১৫খ্রি.

বিষয়ঃ বীজ প্রত্যয়ন এজেন্সীর নিয়োগ বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশকরণ ।

কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন সরকারী প্রতিষ্ঠান "বীজ প্রত্যয়ন এজেন্সী"এর অধীনে ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের কিছু সংখ্যক শূন্য পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের জন্য দপ্তরের স্মারক নং-৬৫৬ তাং ৩০/০৩/২০১৫খ্রি. দ্বারা নিয়োগ বিজ্ঞপ্তি জারী করা হয়েছে। আপনার বহুল প্রচারিত দৈনিক প্রত্রিকার ভিতরের পাতায় বিজ্ঞপ্তি গ্রহণের পরদিন এক সংখ্যায় প্রকাশের নিমিত্তে উক্ত নিয়োগ বিজ্ঞপ্তির ১টি কপি এতদসংগে প্রেরণ করা হলো ।

এমতাবস্থায়, সংযুক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি এক দিন প্রকাশ করতঃ ঐ দিনের পত্রিকার সৌজন্য কপিসহ ২ (দুই) কপি বিল পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর-১৭০১ বরাবরে দাখিল করার জন্য আপনাকে অনুরোধ করা হলো ।

সংযুক্তঃ নিয়োগ বিজ্ঞপ্তি- ২ (দুই) পাতা ।

৩০/০৩/২০১৫
(মোঃ ওসমান খান)
পরিচালক
ফোনঃ ৯২৬৩৫১২
e-mail: dir@sca.gov.bd
৩০/০৩

প্রাপক
(১) বিজ্ঞাপন ম্যানেজার
দৈনিক সংবাদ
৩৬, পুরানা পল্টন
ঢাকা-১০০০ ।

(২) বিজ্ঞাপন ম্যানেজার
দৈনিক ইত্তেফাক
৪০, কাওরান বাজার
ঢাকা-১২১৫ ।

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ
১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ ।

অনুলিপিঃ
১। .............................................................................................................
(সদস্য, বাছাই/নির্বাচন কমিটি, বীজ প্রত্যয়ন এজেন্সী)
২। জনাব মোহাঃ সালাহ্ উদ্দীন, অতিরিক্ত উপ-পরিচালক(মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং) এবং আইসিটি ও মিডিয়া ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর-১৭০১। নিয়োগ বিজ্ঞপ্তিটি অত্র দপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো ।

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
বীজ প্রত্যয়ন এজেন্সী
গাজীপুর-১৭০১।
www.sca.gov.bd

স্মারক নং ১২.৮০১.০১১.০০.০০.০৯৭.২০১১(অংশ-১)-৬৫৬ তারিখ ঃ ৩০/০৩/২০১৫ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

কৃষি মন্ত্রণালয়ের অধীন বীজ প্রত্যয়ন এজেন্সীর রাজস্ব খাতভূক্ত নিম্নবর্ণিত শূন্য পদের অনুকূলে নিয়োগ প্রদানের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা হচ্ছে। আগ্রহী প্রার্থীদেরকে আগামী ৩০/০৪/২০১৫ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, ডাকঘর- বিআরআরআই, গাজীপুর-১৭০১ বরাবরে আবেদন করতে হবে।

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার বাসিন্দারা আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|---|
| ০১ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ৪৭০০-৯৭৪৫/- | ১০ (দশ) টি | (ক)স্বীকৃত শিক্ষাবোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। (খ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে word processing, data entry ও typing এ বাংলা এবং ইংরেজি প্রতি মিনিটে যথাক্রমে ২০ ও ২০ শব্দের গতি থাকতে হবে। | গাজীপুর, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, শরিয়তপুর, জামালপুর, শেরপুর, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, বান্দরবান, চাঁদপুর, নোয়াখালী, ফেণী, লালমনিরহাট, গাইবান্ধা ও বরিশাল। |
| ০২ | গাড়ীচালক ৪৭০০-৯৭৪৫/- | ২ (দুই) টি | বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং গাড়ী চালনায় ২(দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | গাজীপুর, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, শরিয়তপুর, জামালপুর, শেরপুর, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, বান্দরবান, চাঁদপুর, নোয়াখালী, ফেণী, লালমনিরহাট, গাইবান্ধা ও বরিশাল। |
| ০৩ | অফিস সহায়ক ৪১০০-৭৭৪০/- | ১৩ (তের) টি | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | গাজীপুর, ফরিদপুর, রাজবাড়ী, ময়মনসিংহ, বান্দরবান, চাঁপাইনবাবগঞ্জ, পাবনা, মাগুড়া, নড়াইল, চুয়াডাংগা, পিরোজপুর, বরগুণা ও পটুয়াখালী। |
| ০৪ | নিরাপত্তা প্রহরী ৪১০০-৭৭৪০/- | ৮ (আট) টি | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | গাজীপুর, ফরিদপুর, রাজবাড়ী, ময়মনসিংহ, বান্দরবান, চাঁপাইনবাবগঞ্জ, পাবনা, মাগুড়া, নড়াইল, চুয়াডাংগা, পিরোজপুর, বরগুণা ও পটুয়াখালী। |

**বিঃ দ্রঃ মুক্তিযোদ্ধা, শারীরিক প্রতিবন্ধী ও এতিম কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।**

আবেদনের শর্তাবলীঃ

| | |
|---|---|
| ১ | নিয়োগের ক্ষেত্রে প্রচলিত সরকারি বিধি-বিধান প্রতিপালিত হবে। |
| ২ | স্বহস্তে স্বাক্ষরিত আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান/পত্র যোগাযোগের ঠিকানা, জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা, কম্পিউটার ব্যবহার, ডাটা এন্ট্রি ও টাইপিংয়ে গতির বিবরণ, ড্রাইভার পদের জন্য ড্রাইভিং লাইসেন্স নম্বর, ইস্যুর তারিখ ও বৈধতার মেয়াদ, অভিজ্ঞতার বিবরণ, বয়স ( ৩০/০৪/২০১৫ তারিখে বছর, মাস ও দিন) ও জাতীয়তা উল্লেখ করতে হবে। এছাড়া প্রার্থী এতিম/শারীরিক প্রতিবন্ধী/মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/গ্রাম প্রতিরক্ষা দল ও আনসার বাহিনীর সদস্য কিনা তা আবেদনে উল্লেখ করতে হবে। |
| ৩ | প্রার্থীর বয়সসীমা ৩০/০৪/২০১৫ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত গ্রহণযোগ্য হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের (নাতি-নাতনি) ক্ষেত্রে বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। এসএসসি/সমমান সনদপত্রে উল্লেখিত জন্ম তারিখের ভিত্তিতে বয়স গণনা করা হবে। বয়সের ক্ষেত্রে এফিডেবিট গ্রহণযোগ্য হবে না। |
| ৪ | আবেদনকারীকে তার সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা আবেদনপত্রে উল্লেখ করতে হবে। যোগ্যতা গোপন রেখে পরবর্তীতে তা প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোন সুযোগ দাবী করা যাবে না। |
| ৫ | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের কোটা/এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটা/মহিলা কোটা/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটা/আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্যদের কোটা বিধিমতে অনুসরণ করা হবে। |
| ৬ | আবেদনপত্রের সংগে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ<br>(ক) শিক্ষাগত যোগ্যতা, কম্পিউটার ব্যবহার ও শিক্ষার বিষয়ে অনুমোদিত প্রতিষ্ঠানের সনদপত্র এবং অভিজ্ঞতার (যদি থাকে) সনদপত্রের সত্যায়িত কপি।<br>(খ) সাম্প্রতিককালের তোলা পাসপোর্ট সাইজের তিন কপি রঙিন সত্যায়িত ছবি।<br>(গ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র। (সত্যায়নকারী কর্মকর্তার স্বাক্ষর ও পদবীসহ নামযুক্ত সীল থাকতে হবে)।<br>(ঘ) সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি।<br>(ঙ) ড্রাইভার পদের জন্য বাধ্যতামূলকভাবে বিআরটিএ কর্তৃক ইস্যুকৃত বৈধ মেয়াদের ড্রাইভিং লাইসেন্স এর এবং অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি।<br>(চ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত কপি, মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম, উপজেলা/জেলার নাম, জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ, মুক্তি বার্তা নম্বর, গেজেট নম্বর ও তারিখ এবং সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর<br>(ছ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান অথবা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌর সভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র এবং আবেদনকারীর পিতা মাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।<br>(জ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যা কোটায় নির্বাচনের পূর্বে সংশ্লিষ্ট সকল সার্টিফিকেটের মূল কপি যাচাই করে সত্যতা নিশ্চিত করা হবে এবং নিয়োগের পূর্বে পুলিশ ভেরিফিকেশন সম্পন্ন করা হবে।<br>(ঝ) এতিম ও শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/গ্রাম প্রতিরক্ষা দল ও আনসার বাহিনীর সদস্যদের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি।<br>(ঞ) ছবি ও সকল সনদপত্রের কপি সরকারি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।<br>(ট) খামের উপর পদের নাম, কোটা ও নিজ জেলা উল্লেখ করতে হবে। |

| | |
|---|---|
| ৭ | চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। |
| ৮ | মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রের সাথে সংযুক্ত সকল কাগজপত্রের মূল কপি দেখাতে হবে। |
| ৯ | আবেদনকারীকে পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর এর অনুকূলে পরীক্ষার ফি বাবদ ০১ নং ও ০২ নং ক্রমিকের পদের জন্য ১০০/- (একশত) টাকা এবং ০৩ নং ও ০৪ নং ক্রমিকের পদের জন্য ৫০(পঞ্চাশ) টাকা "১-৪৩৩৮-০০০০-২০৩১" কোড নম্বরে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকের যে কোন শাখায় ট্রেজারী চালানে জমা দিয়ে চালানের মূলকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। |
| ১০ | আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা (যে ঠিকানায় ইন্টারভিউ কার্ড পেতে ইচ্ছুক) উল্লেখ করে ১০(দশ) টাকার অব্যবহৃত ডাক টিকিট সম্বলিত ২২ সে.মি. **X** ১০ সে. মি. সাইজের ফেরৎ খাম সংযুক্ত করতে হবে। |
| ১১ | লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকেই কেবল ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। |
| ১২ | আবেদনকারীকে লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না। |
| ১৩ | নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত এবং ত্রুটিপূর্ণ বা অসম্পূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে। |
| ১৪ | নিয়োগ বিষয়ে বীজ প্রত্যয়ন এজেন্সীর বাছাই/নির্বাচন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। |

০৩/০৮/২০১৫

(মোঃ ওসমান খান)
পরিচালক
e-mail: dir@sca.gov.bd